দৈনিক ইত্তেফাক

তারিখ 20 NOV 2017
পৃষ্ঠা ২০ কলাম ৩

# লেকহেড স্কুল আরো ১০ দিন বন্ধ থাকবে

■ ইত্তেফাক রিপোর্ট

রাজধানীর লেকহেড গ্রামার স্কুল খোলার হাইকোর্টের আদেশের ওপর দেওয়া স্থগিতাদেশের মেয়াদ আরো দশদিন বৃদ্ধি করেছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। একইসঙ্গে এ সময়ের মধ্যে সরকারকে লিভ টু আপিল দায়ের করতে বলা হয়েছে। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি মোহাম্মদ আবদুল ওয়াহ্হাব মিঞার নেতৃত্বাধীন আপিল বিভাগের পাঁচ বিচারপতির বেঞ্চ গতকাল রবিবার এ আদেশ দেন। আদালত বলেন, স্কুলটি খুলে দিতে হাইকোর্টের রায়ের কার্যকারিতা আরো দশ দিন স্থগিত থাকবে। এ ছাড়া ওই স্কুলের ব্যবস্থাপনা পর্ষদ বা কর্মীদের কেউ জঙ্গিবাদে জড়িত থাকলে তা তদন্ত করে আদালতকে জানাতে বলা হয়েছে।

গত ১৪ নভেম্বর হাইকোর্টের একটি ডিভিশন বেঞ্চ বন্ধ করে দেওয়া ঢাকার লেকহেড গ্রামার স্কুল ২৪ ঘণ্টার মধ্যে খুলে দেওয়ার নির্দেশ দেয়। একইসঙ্গে পৃষ্ঠা ২ কলাম ৩

## লেকহেড স্কুল

২০ পৃষ্ঠার পর

জঙ্গি কার্যক্রমের কোনো অভিযোগ তদন্ত করতে চাইলে তদন্তকারী সংস্থাকে পূর্ণ সহযোগিতা করতে স্কুল কর্তৃপক্ষকে নির্দেশ দেন আদালত। হাইকোর্টের এ রায় স্থগিত চেয়ে আবেদন করে রাষ্ট্রপক্ষ। পরদিন আপিল বিভাগের চেম্বার আদালত হাইকোর্টের আদেশ রবিবার পর্যন্ত স্থগিত করে। পাশাপাশি রাষ্ট্রপক্ষের আবেদনটি শুনানির জন্য নিয়মিত বেঞ্চে পাঠিয়ে দেয়। এরই ধারাবাহিকতায় গতকাল আপিল বিভাগে রাষ্ট্রপক্ষের স্থগিত আবেদনের ওপর শুনানি অনুষ্ঠিত হয়। শুনানিতে রাষ্ট্রপক্ষে অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম এবং রিটকারীর পক্ষে আইনজীবী এএফ হাসান আরিফ, আখতার ইমাম, আবদুল মতিন খসরু, আবদুল বাসেত মজুমদার, রাশনা ইমাম শুনানি করেন।

শুনানিতে অ্যাটর্নি জেনারেল লেকহেড স্কুল নিয়ে 'গোয়েন্দা প্রতিবেদন' আপিল বিভাগে পেশ করেন। আদালত বলেন, আমরা গোয়েন্দা প্রতিবেদন পড়েছি। গোপনীয় এই প্রতিবেদনে আমরা গুরুতর অভিযোগের বিষয় দেখেছি। এ সময় স্কুলের পক্ষে আইনজীবীরা আদালতকে বলেন, অভিযোগ কিছু থাকলে থাকতে পারে। কিন্তু শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়া এক হাজারের অধিক বাচ্চার কী হবে? তাদের শিক্ষাজীবন নষ্ট হতে পারে না।